তারিখ ... 16 JUN 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...৬...

সংবাদ

## তথ্যপ্রযুক্তি



# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ল্যাপটপ বিতরণ

তথ্য প্রযুক্তির ক্রমবিকাশমান ধারার সাথে প্রতিটি শিক্ষার্থীকে যুগোপযোগী করে তুলতে এবং প্রতিযোগীতা মূলক চাকরি বাজারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'একজন ছাত্র একটি ল্যাপটপ' প্রকল্পের নিয়মিত কর্মসূচীর অংশ হিসাবে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি স্প্রিং ২০১৫ সেমিস্টারে ভর্তি হওয়া ৩০০০ শিক্ষার্থীর মাঝে ল্যাপটপ বিতরণ শুরু করেছে। এ পর্বে পথম ধাপে আনুষ্ঠানিকভাবে ৮ জুন ২০১৬ বিশ্ববিদ্যালয় মিলনায়তনে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি'র শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ৮০০টি ল্যাপটপ বিতরণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান মোঃ সবুর খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে এ ল্যাপটপ বিতরণ করেন ঢাকা-১৯ আসনের সাংসদ ও এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল এর চেয়ারম্যান ড. মোঃ এনামুর রহমান। ল্যাপটপ প্রদানের পূর্বে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইউসুফ এম ইসলাম একাডেমিক ও শিক্ষা কার্যক্রমে ল্যাপটপের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার প্রত্যয়ে শিক্ষার্থীদের শপথবাক্য পাঠ করান।

উল্লেখ্য সামার-২০১০ সেমিষ্টার থেকে "ওয়ান স্টুডেন্ট ঃ ওয়ান ল্যাপটপ" কর্মসূচীর আওতায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিনামূল্যে ল্যাপটপ প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় আজ স্প্রিং ২০১৫ সেমিস্টারে ভর্তি হওয়া ৮০০ শিক্ষার্থীর হাতে ল্যাপটপ তুলে দেয়া হল। অবশিষ্ট ২২০০ ল্যাপটপ আগামী এক সপ্তাহের মধ্যে পর্যায়ক্রমে শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হবে। এ নিয়ে এ পর্যন্ত মোট ষোল হাজার শিক্ষার্থীকে বিনামূল্যে ল্যাপটপ প্রদান করা হল। প্রধান অতিথির বক্তব্যে সাংসদ ড. মোঃ এনামুর রহমান বলেন, প্রযুক্তি ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে নতুন প্রজন্ম বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে এবং ২০২১ সালের মধ্যে বর্তমান সসরকারের গৃহীত 'ডিজিটাল বাংলাদেশ' কর্মসূচী সফলতা লাভ করবে এই তরুনদের হাত ধরেই। তিনি আরো বলেন, সরকারের গৃহীত হাইটেক পার্ক সমূহ বাস্তবায়িত হলে দেশে ৭২০০০ সফটওয়্যার ইঞ্জিনিয়ার প্রয়োজন হবে। তাই নতুন প্রজন্মকে সে লক্ষ্য পূরনে নিজেদেরকে যোগ্য করে গড়ে তোলার আহ্বান জানান।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভাসিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মো: সবুর খান বলেন, প্রতিটি শিক্ষার্থীদের হাতে ল্যাপটপ তুল দেয়া হয়েছে যাতে তারা প্রতিযোগিতা মূলক চাকুরীর বাজারে নিজেকে উপযুক্ত করে গড়ে তুলে তাদের স্বপ্নের ক্যারিয়ার গড়ে তুলতে সক্ষম হয়। তিনি শিক্ষার্থীদের ল্যাপটপের সঠিক ব্যবহার ও প্রয়োগ নিশ্চিত করার আহ্বান জানান। সংবাদ বিজ্ঞপ্তি।